

ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট রিসেটের নতুন সুবিধা

written by Chandradip News24 | November 29, 2024

instagram
5,931
Posts
306M
Followers
222
Following
Follow
Message

বিশ্বব্যাপী ইনস্টাগ্রাম ব্যবহারকারীদের জন্য একটি চমৎকার খবর এসেছে। মেটার মালিকানাধীন এই সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এবার অ্যাপ রিসেট করার সুযোগ দিচ্ছে। ব্যবহারকারীরা এখন তাদের এক্সপ্লোর , রিলস এবং ফিড সেকশনে প্রদর্শিত কনটেন্ট সম্পূর্ণ ক্লিয়ার করে নতুন করে সেট করতে পারবেন।

ইনস্টাগ্রাম ব্যবহারকারীদের মধ্যে প্রায়ই রেকমেন্ডেশন নিয়ে অসন্তোষ দেখা যায়। অনেক সময় অপ্রয়োজনীয় বা অনাকাঙ্ক্ষিত কনটেন্টও এক্সপ্লোর বা ফিডে প্রদর্শিত হয়। এবার সেই সমস্যার সমাধান করতে ইনস্টাগ্রাম নিয়ে এসেছে ‘রিসেট ফিচার ’। এর মাধ্যমে রেকমেন্ডেশন তালিকা রিফ্রেশ করার পাশাপাশি অনাকাঙ্ক্ষিত অ্যাকাউন্টগুলো আনফলো করার সুযোগও থাকছে।

কীভাবে কাজ করবে রিসেট ফিচার ?

ইনস্টাগ্রামের এই নতুন ফিচারটি ব্যবহার করে অ্যাপটি সম্পূর্ণ নতুন করে সাজানো সম্ভব। রিসেট করার পর , ব্যবহারকারীদের কনটেন্ট

রেকমেন্ডেশন তাদের আগ্রহ অনুযায়ী সময়ের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হবে। কনটেন্ট রেকমেন্ডেশন ব্যবহারকারীর দেখা পোস্ট এবং আলাপচারিতার ভিত্তিতে আরও ব্যক্তিগতকৃত হতে শুরু করবে।

রিসেট ফিচার ব্যবহারের ধাপ :

1. ইনস্টাগ্রাম অ্যাপ খুলুন।
2. Settings অপশনে যান।
3. Content Preferences অপশনে ক্লিক করুন।
4. ‘Reset Suggested Content’-এ ক্লিক করুন।

এই রিসেট প্রক্রিয়ার সময় আপনি ফলো করা অ্যাকাউন্টগুলো দেখতে পারবেন এবং প্রয়োজন অনুযায়ী যেগুলো পছন্দ নয় সেগুলো আনফলো করতে পারবেন।

আপাতত পরীক্ষামূলক পর্যায়ে

মেটা জানায়, নতুন এই ফিচারটি আপাতত পরীক্ষামূলক পর্যায়ে রয়েছে। খুব শিগগিরই এটি সারা বিশ্বের ব্যবহারকারীদের জন্য উন্মুক্ত করা হবে।

_

মো : আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম